



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫  
২৩২ ২৯১২

# ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :


প্রেস রিলিজ

মহিলা কমিশন

পাশবিক লালসার হাতে থেকে রেহাই পায়নি পাঁচ বছরের বাচ্চাটিও।

আখো আখো কথা বলে বালোয়াজী স্কুলের মিষ্টি মেয়ে কবিতা। (কল্পিত) কবিতার কাকু সমীর দাস ১১মে এসে মহিলা কমিশনে অভিযোগ করেন তাদের বাড়ীরই অন্যবরের ভাড়াটে সুব্রত বনিক দুপুরবেলা কবিতাকে তারা ঘরে নিয়ে ধর্ষণ করেছে এবং মেয়েটি এখন জিবি হাসপাতালে চিকিৎসাধীন। মহিলা কমিশন থেকে সদস্য অদিতি শর্মা লোধ এবং কাউন্সেলার রেবা দাস কবিতার বাড়িতে যান। কবিতার মা এবং পাশের ঘরের আরেক মহিলা জানান যে কবিতা যখন যন্ত্রণায় চিৎকার করছিল এবং তখন তারা মেয়ের ছোঁশরীরে পাশবিক অত্যাচারের চিহ্ন দেখতে পান। মেয়েটিকে নিয়ে প্রথমে তারা থানায় যান এবং তারপর তাকে হাসপাতালে চিকিৎসা করানো হয়। অবুঝ ছোট মেয়েটি জানায় কীভাবে 'আবু কাকু' তাকে রক্তাক্ত করেছে।

মহিলা কমিশন এই ঘটনায় গুণ্ডিত এবং বিচলিত। পুলিশ অভিযুক্তকে গ্রেপ্তার করেছে, কিন্তু কমিশন সত্যানুসন্ধানের জন্য সৃষ্ট তদন্ত দাবী করছে। মেডিকেল রিপোর্ট এবং মেয়েটির ক্ষতচিহ্নকে তো অস্বীকার করা যাবে না। মহিলা কমিশন তাই চায়, শুধু অত্যাচারিতা মেয়েটির পরিবার নয়, প্রতিবেশীরাও এগিয়ে আসুন এবং অপরাধীর কঠোর শাস্তির দাবিতে সোচ্চার হোন। আমাদের যেন লজ্জিত হতে না হয় এই ভেবে, যে আমাদের আসে পাশেই ঘুরে বেড়াচ্ছে মুখোশধারী এক ধর্ষক।

  
13-5-10

Archana Bhattacharya  
Member Secretary,  
Tripura Commission for Women,